**রানি রাসমণি স্মারক বক্তৃতা :**

তারিখ : ২ অক্টোবর ২০২০
সময় : সকাল ১১ টা
বিষয় : **শ্রীসারদাদেবী : 'জন্মজন্মান্তরের মা'**
বক্তা : স্বামী সত্যেশানন্দ
সহকারী সাধারণ সম্পাদক,
রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, বেলুড়মঠ

পুনঃ এই বক্তৃতায় অংশগ্রহণের জন্য বক্তৃতার দিন সকালে সংসদের ওয়েবসাইটে লিঙ্ক দেওয়া হবে। আপনারা উক্ত তারিখ ও সময়ে ঐ লিঙ্কে ক্লিক করলেই সরাসরি মহারাজের বক্তৃতা শুনতে পারেন।

২০ আগস্ট ২০২০ কর্মসচিব

# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

একত্রিশতম বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
আগস্ট ২০২০




***"No need to looking behind. Forward! We want infinite energy, infinite zeal; infinite courage, and infinite patience; then only will great things be achieved."*** **—Swami Vivekananda**

## ২০১৯-২০২০ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ, করোনার প্রাদুর্ভাবের কারণে প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা (২০১৯-২০) পূর্বনির্ধারিত ১৫ আগস্ট, ২০২০ তারিখে আয়োজন করা সম্ভব হয়নি। এ ব্যাপারে সংসদের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল। গত ১ আগস্ট, ২০২০ কার্যকরী সমিতির সভার সিদ্ধান্ত অনুযায়ী বার্ষিক সাধারণ সভা নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : **২ অক্টোবর ২০২০, শুক্রবার ;** সময় : **বিকেল ২টা ৩০ মিনিট ।**

বিষয়সূচী : ১। বিগত ১৫.৮.২০১৯-এ অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ; ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন : ২০১৯-২০ ; ৩। ২০১৯-২০ বর্ষের অডিট রিপোর্ট পেশ ও অনুমোদন ; ৪। বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্টের বিষয়ে আলোচনা ; ৫। ২০২০-২১ বর্ষের অডিটর নিয়োগ ; ৬। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)।

করোনা প্রাদুর্ভাবের জন্য এই সভা আন্তর্জালিক মাধ্যমে অনুষ্ঠিত হবে। সংসদ সদস্যদের **online**-এ এই সভায় যোগদান করার জন্য অনুরোধ জানাই। সভার দিন সকালে সংসদের **Website (www.alumnividyamandira.in)**-এ সভার **Link**-দেওয়া হবে। প্রয়োজনে কর্মসচিবের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

বিদ্যামন্দির, ২০ আগস্ট ২০২০ —কর্মসচিব

## সম্পাদকীয়

সারা পৃথিবী আজ এক চরম সংকটের মধ্যে দিয়ে চলেছে। মারণ ভাইরাস 'করোনা'-র ছোবলে ইতিমধ্যেই বিশ্বে কয়েক লক্ষ মানুষের প্রাণহানি ঘটেছে। আমাদের ভারতবর্ষও এই করাল অতিমারীর হাত থেকে রক্ষা পায়নি। দীর্ঘদিন লকডাউনের ফলে বহু মানুষের রুটি-রুজিতে টান পড়েছে, দেশের অর্থনীতি একেবারে তলানিতে ঠেকেছে। সরকার সাধ্যমত চেষ্টা করলেও অনিবার্যভাবে এর একটা সুদূরপ্রসারী প্রভাব থেকেই যাবে। গভীর অন্ধকারের মধ্যে ক্ষীণ আলোর রেখার মত রামকৃষ্ণ মিশনের মত কয়েকটি মানবকল্যাণমূলক সংগঠন যথারীতি নীরবে ত্রাণের কাজ করে চলেছে। বিদ্যামন্দির তথা সারদাপীঠের কতিপয় সন্ন্যাসী মহারাজ, কিছু ছাত্র ও কর্মী খাদ্যদ্রব্য ও কিছু নিত্যপ্রয়োজনীয় সামগ্রী মাসাধিককাল ধরে স্থানীয় ও দূরবর্তী কয়েকটি এলাকার বিপন্ন মানুষদের কাছে নিয়মিত পৌঁছে দিয়েছেন। প্রাক্তনী সংসদের উদ্যোগে গঠিত **'COVID-19 Outbreak Relief Fund'** এর মাধ্যমে অতি অল্প সময়ে প্রাক্তনীদের থেকে সংগৃহীত কয়েক লক্ষ টাকা ত্রাণকার্যের জন্য বেলুড়মঠ কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়েছে।

করোনার প্রকোপের মধ্যেই কয়েকদিন আগে বিধ্বংসী ঝড় 'আমফান' তছনছ করে দিয়ে চলে যায় দক্ষিণবঙ্গের কয়েকটি জেলাকে। ঝড়ের তাণ্ডবে বহু প্রান্তিক মানুষ গৃহহীন হয়ে পড়েন, অনেকের মৃত্যুও ঘটে। রামকৃষ্ণ মিশন আবার ত্রাণকার্যে ঝাঁপিয়ে পড়ে। প্রাক্তনী সংসদও অর্থ সংগ্রহের আর্জি জানায় সদস্যদের কাছে। গত ১৯ জুলাই ২০২০ রবিবার দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ থেকে অনেকটা দূরে একটি দ্বীপে (ঘোড়ামারা) কর্মসচিবের নেতৃত্বে প্রাক্তনী ও অফিসকর্মীদের একটি দল প্রত্যক্ষভাবে আর্ত মানুষজনের মধ্যে ত্রাণ সামগ্রী বন্টন করে এসেছে। এই সকল বিপর্যয়ে আমাদের সকলের একমাত্র আশ্রয়স্থল শ্রীশ্রীঠাকুর রামকৃষ্ণদেব, শ্রীশ্রীমা সারদাদেবী আর স্বামী বিবেকানন্দ। আমরা নিশ্চিত-এঁদের শরণাপন্ন হলে আপামর জনগণের সংকটমোচন ঘটবে এবং পৃথিবীতে আবার স্বস্তির বাতাবরণ ফিরে আসবে।

শ্রী সুশান্ত দে, প্রধান সম্পাদক

## প্রয়াণ বার্তা

- বিদ্যামন্দিরের প্রাক্তন শিক্ষাকর্মী পুণ্যব্রত ব্রহ্ম গত ২৫.৫.২০ তারিখে পরলোক গমন করেছেন। বেশ কিছুকাল যাবৎ অকৃতদার এই মানুষটি নানা ব্যাধিতে পীড়িত ছিলেন—বিগত প্রায় এক দশক যাবৎ ছিলেন নিভৃতবাসী। তিনি সুকণ্ঠ গায়ক ছিলেন, ছিলেন আকাশবাণীর একজন স্বীকৃত গীতিকারও। তাঁর কথা ও সুরে কয়েকটি সি.ডি. এবং ক্যাসেটে গেয়েছেন কয়েকজন গুণী শিল্পী। তাঁর রচিত কয়েকটি সঙ্গীতসংকলনও মুদ্রিত হয়েছে। সদাচারী সুভদ্র এই মানুষটি তাঁর অনন্য হস্তাক্ষরের জন্যে বিশেষভাবে পরিচিত ছিলেন। বিদ্যামন্দিরের সঙ্গে তাঁর আন্তরিক সংযোগ ছিল। অতিমারীর এই বিপন্ন আবহেও তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে গিয়েছিলেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং সম্পাদক।
- ৬ জুন ২০২০ তারিখে চলে গেলেন প্রাক্তনী অসিত কুমার মিত্র (১৯৫৫-৫৭)। ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্সের ফেলো প্রয়াত মিত্র ছিলেন WAPCOS-এর প্রাক্তন ডিরেক্টর।
- খ্যাতনামা ধাত্রীবিদ্যা বিশারদ প্রাক্তনী ডাঃ বিশ্বনাথ দাস (১৯৪৬-৪৮) ২ এপ্রিল ২০২০ তারিখে প্রয়াত হয়েছেন। চিত্তরঞ্জন সেবাসদনের প্রাক্তন অধ্যক্ষ-সুপারিন্টেন্ডেন্ট ডাঃ দাস তারকেশ্বর এলাকার দুটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান—নিবেদিতা কমিউনিটি কেয়ার সেন্টার ও তারকনাথ মেটারনিটি এ্যান্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টারের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন।
- বিদ্যামন্দিরের ১৯৫৪-৫৬ শিক্ষাবর্ষের প্রাক্তনী ডঃ আনন্দ মোহন চক্রবর্তী গত ১০ জুলাই, ২০২০ শিকাগোর ইলিনয় শহরে পরলোকগমন করেছেন। ১৯৬৫ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি.এইচ.ডি. ডিগ্রি লাভ করে University of Illinois Urbana-Champaign (UIUC)-র Microbiology & Immunology, Chicago College of Medicine-এ যোগ দেন এবং মৌলিক গবেষণার জন্য আন্তর্জাতিক স্বীকৃতি পান। তিনি বেশ কিছু গবেষণা ও শিক্ষাপ্রতিষ্ঠানের উপদেষ্টামণ্ডলীর সদস্য ছিলেন। Genetic Engineering-এ অসামান্য অবদানের জন্য ২০০৭ সালে ভারত সরকার তাঁকে 'পদ্মশ্রী' উপাধিতে ভূষিত করে। মোট ১৯টি পেটেন্ট আবিষ্কারের কৃতিত্ব রয়েছে তাঁর। বহু আন্তর্জাতিক খ্যাতি অর্জন করলেও বিদ্যামন্দিরের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। ১৪ জানুয়ারি, ২০১৭ তারিখে বিদ্যামন্দিরের প্ল্যাটিনাম জুবিলি উদযাপন উপলক্ষে তিনি বিবেকানন্দ সভাগৃহে তাঁর গবেষণার বিষয়ে বক্তৃতা দেন। আন্তর্জাতিক স্বীকৃতিপ্রাপ্ত এই উজ্জ্বল প্রাক্তনীকে হারিয়ে প্রাক্তনী সংসদ মর্মাহত।
- বিশিষ্ট প্রাক্তনী অধ্যাপক ডঃ চন্দ্রকান্ত ঘোষ (১৯৬০-৬৩, রসায়ন) গত ২০ জুলাই, ২০২০ কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। উচ্চ মাধ্যমিকে ৪র্থ, রসায়ন সাম্মানিক-এ প্রথম শ্রেণীতে দ্বিতীয়, স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণীতে প্রথম এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যথাক্রমে পি.এইচ.ডি ও ডি.এস.সি ডিগ্রি অর্জন—এই ছিল তাঁর উজ্জ্বল শিক্ষাজীবনের ধারাবাহিকতা। অল্প কিছুকাল রহড়া রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শতবার্ষিকী কলেজে শিক্ষকতা করেছেন। দীর্ঘকাল (১৯৬৯-২০০৭) কলকাতা বিশ্ববিদ্যালয়ে জৈব-রসায়ন বিভাগে অধ্যাপনা করেন এবং প্রফেসর ও বিভাগীয় প্রধান হিসাবে অবসর গ্রহণ করেন। তাঁর সর্বমোট ৬৭টি গবেষণাপত্র প্রকাশিত হয়। রামকৃষ্ণ-বিবেকানন্দের ভাবাদর্শে অনুপ্রাণিত ডঃ ঘোষের বিদ্যামন্দিরের সঙ্গে নিবিড় যোগাযোগ ছিল। প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা ও পুনর্মিলন উৎসবে নিয়মিত যোগদান করতেন। প্রাক্তনী সংসদ তাঁর মৃত্যুতে শোকাহত।
- গভীর বেদনার সঙ্গে জানাচ্ছি যে, বিদ্যামন্দির ছাত্রাবাসের সদ্য অবসরপ্রাপ্ত কর্মী শ্রী তুলসী ব্রহ্ম গত ৭ জুলাই ২০২০ স্বল্প রোগভোগের পর পার্কসার্কাসের 'গুড সামারিটান' নার্সিংহোমে পরলোকগমন করেছেন। প্রয়াণকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর। ১লা ডিসেম্বর ১৯৭৪ সালে বিদ্যামন্দিরে কর্মজীবনে প্রবেশের পর নিরবচ্ছিন্নভাবে ৪৫ বছরের বেশি সময় ধরে তুলসীবাবু ছাত্রাবাসের রান্নাঘরে সেবাদান করেছেন। ছাত্রদরদী, বন্ধুবৎসল, আনন্দপ্রাণ এই সদস্যের অকালপ্রয়াণে আমরা মর্মাহত।
- প্রাক্তনী (শিক্ষাবর্ষ : ১৯৫৫-৫৭) শ্রী নিতীন সোম গত ১ আগস্ট, ২০২০ তারিখে করোনায় আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন। পেশায় ছিলেন সিভিল ইঞ্জিনিয়ার এবং প্রাক্তন ডীন অব ইঞ্জিনিয়ারিং, যাদবপুর বিশ্ববিদ্যালয়।
- গত ২৮ আগস্ট হৃদরোগে আক্রান্ত হয়ে মাত্র ৫৩ বছর বয়সে অকালে চলে গেলেন বিদ্যামন্দিরের ১৯৮৫-৮৮ শিক্ষাবর্ষের রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র ড. অরিন্দম সিনহা। বেশ কিছুদিন স্নায়ুরোগে ভুগছিলেন। ড. সিনহা ছিলেন রামপুরহাট কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান।

আমরা এঁদের আত্মার শান্তি কামনা করি এবং পরিবার পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা।

## আনন্দ সংবাদ

- বিদ্যামন্দিরের প্রাক্তনী শ্রী সুরজিৎ কুমার ধর (১৯৮৮-৯৩) গত ২৮.১.২০২০ তারিখে University of Central America কর্তৃক Honorary Doctorate (D.Litt.) উপাধিতে ভূষিত হয়েছেন। উল্লেখ্য বিদ্যামন্দিরে থাকাকালীন শ্রী ধর ১৯৮৮-৯০ সালের Best Student পুরস্কার এবং ১৯৯৩ সালে ইতিহাসে সর্বোচ্চ নম্বর প্রাপক হিসাবে Phanindranath Ghosh Memorial Award পেয়েছিলেন। শিক্ষাক্ষেত্রে ব্যতিক্রমী অবদানের জন্য পঃ বঙ্গ সরকার শ্রীধরকে এ বছর শিক্ষক দিবসের দিনে 'শিক্ষারত্ন' সম্মানে সম্মানিত করেছেন। বর্তমানে শ্রী সুরজিৎ কুমার ধর বিধাননগরে গভর্ণমেন্ট স্কুলে শিক্ষকতার সঙ্গে যুক্ত। শ্রী ধরের এই সাফল্যে প্রাক্তনী সংসদ গর্বিত। আমাদের শুভেচ্ছা ও অভিনন্দন।
- সল্টলেকের 'বিবেক সোসাইটি' সংস্থা প্রতি বছর বেশ কিছু দুঃস্থ ছাত্র-ছাত্রীদের পড়াশুনার জন্য আর্থিক সহায়তা প্রদান করে আসছে ২০০৩ সাল থেকে। সংস্থার ৪০ জন সদস্যের প্রত্যেকেই প্রতি বছর ন্যূনতম ১২,০০০/- টাকা করে দান করে আসছেন। ২০১৯-২০ বছরে সংস্থাটি মোট ৮ লাখ টাকা আর্থিক সাহায্য করতে সমর্থ হয়েছে। প্রাক্তনী সংসদের কার্যকরী সমিতির অন্যতম সদস্য শ্রী আলোক চট্টোপাধ্যায় (১৯৬২-৬৫) 'বিবেক সোসাইটি'-র একজন সক্রিয় সদস্য। সংগঠনের সভাপতি ও সম্পাদক দুজনেই বিদ্যামন্দিরের প্রাক্তনী। বিদ্যামন্দিরের প্রতিষ্ঠাতা-অধ্যক্ষ স্বামী তেজসানন্দজী মহারাজ ছিলেন এঁদের প্রেরণা। প্রাক্তনীদের ও সংস্থার অন্যান্য সদস্যবৃন্দের ধারাবাহিক সমাজসেবার এই মানসিকতা সদ্য-প্রাক্তন ছাত্রদেরও অনুপ্রেরণা জোগাবে। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে এঁদের সকলকে অভিনন্দন।
- প্রাক্তনী ডাঃ ধীমান গাঙ্গুলী (১৯৫৯-৬১) বর্তমান করোনা সংকটের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গ সরকার নিযুক্ত কোভিড উপদেষ্টা কমিটির অন্যতম সদস্য নির্বাচিত হয়েছেন। ডাঃ গাঙ্গুলীর এই স্বীকৃতিতে আমরা গর্বিত।

## বিবেকানন্দ সম্মেলন : ২০১৯—২০

বিদ্যামন্দির ও বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের যৌথ উদ্যোগে এবং রামকৃষ্ণ মঠ, কোচবিহার এবং কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার রামকৃষ্ণ-বিবেকানন্দ ভাবপ্রচার পরিষদ পরিচালিত আশ্রম সমূহের সহযোগিতায় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের 'বিবেকানন্দ সম্মেলন' অনুষ্ঠিত হয় কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার বিভিন্ন রামকৃষ্ণ আশ্রমে। সম্মেলনে প্রারম্ভিক পর্বে কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরের ছাত্রছাত্রীদের মধ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজিত হয় গত ২৭ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে রামকৃষ্ণ মঠ, কোচবিহারে। বক্তৃতা (প্রায় ৬০ জন), ক্যুইজ (১৭২ জন) ও প্রবন্ধ রচনা (প্রায় ২৫০ জন) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের সংখ্যা ছিল যথেষ্ট উৎসাহব্যঞ্জক। এরপর ১৫ মার্চ, ২০২০ রামকৃষ্ণ আশ্রম, আলিপুরদুয়ারে যুবসম্মেলন ও শিক্ষকসম্মেলন অনুষ্ঠিত হয়। প্রায় ৩০০ জন যুব প্রতিনিধি যুব সম্মেলনে এবং শতাধিক শিক্ষক প্রতিনিধি শিক্ষক সম্মেলনে উপস্থিত ছিলেন। পরবর্তী দুটি আঞ্চলিক (যুব ও শিক্ষক) সম্মেলন নির্ধারিত ছিল ২২ ও ২৯ এ মার্চ যথাক্রমে কোচবিহার মঠ ও মাথাভাঙা আশ্রমে। করোনা প্রাদুর্ভাবের কারণে স্বাভাবিকভাবেই দুটি সম্মেলনই স্থগিত ঘোষণা করা হয়।

## প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ তার সীমিত সামর্থ্যের মধ্যে মাতৃসমা বিদ্যামন্দিরের ভেতরে ও বাইরে সমাজসেবামূলক কর্মপ্রক্রিয়া সাফল্যের সঙ্গে চালিয়ে যাচ্ছে। নিম্নে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো।

**স্বাস্থ্য প্রকল্প :** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। গত জানুয়ারী ২০২০-এ প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত মোট ৩২ জন দুঃস্থ রোগীকে চিকিৎসার জন্য ১৬,০০০ টাকা দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের ২ জন বর্তমান ছাত্রকে চিকিৎসার জন্য ৪,৮০০ টাকা প্রদান করা হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ ব্যাচের প্রাক্তনীরা গত ২০১৯-২০ অর্থবর্ষে ১,৬১,০০১ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত তাঁরা মোট ৩১,৩৮,৬১০ টাকা এই প্রকল্পে সংসদকে দিয়েছেন। এ-ছাড়া ১৯৭১-৭৪, ১৯৭৬-৭৯, ১৯৮৪-৮৬, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এবং ব্যক্তিগতভাবে অনেক প্রাক্তনী এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**নিম্নে ২০১৯-২০ অর্থবর্ষে প্রদত্ত বিভিন্ন ছাত্রবৃত্তি অনুদানের বিবরণ দেওয়া হলো :** বিদ্যামন্দিরের বর্তমান ছাত্র ৫,৩৭,০০০ টাকা, বিদ্যামন্দিরের সদ্য প্রাক্তনী ৭৬,০০০ টাকা, বিদ্যামন্দিরের সদ্য-প্রাক্তনী ও বিদ্যামন্দিরেই স্নাতকোত্তর কোর্সে ভর্তি ৯৫,০০০ টাকা, বিদ্যামন্দিরের বাইরের ছাত্রছাত্রী ২৬,৭৫০ টাকা। উপরোক্ত সব তহবিলের আয় থেকে প্রদত্ত ছাত্রবৃত্তির বিস্তারিত বিবরণ অন্যত্র দেওয়া হলো।

**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা :** ২০১৯-২০ শিক্ষাবর্ষের অনুষ্ঠেয় এই বক্তৃতাটি এবছর ১৫ই আগস্ট ২০২০ 'ভার্চুয়াল মিটে' আয়োজিত হয়। বক্তৃতা প্রদান করেন শ্রীমতী গোপা ওয়াদ্দেদার (শহীদ প্রীতিলতা ওয়াদ্দেদারের ভ্রাতুষ্পুত্রী)। বিষয় ছিল : 'অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদার'।

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার :** এ-বছর করোনা প্রাদুর্ভাবের জন্য এই পুরস্কার দেওয়া সম্ভব হয়নি। পরবর্তী সময়ে বিদ্যামন্দির এই পুরস্কার প্রদান করলে পুরস্কার প্রাপকদের নাম পরবর্তী প্রাক্তনীবার্তাতে প্রকাশ করা হবে।

**রানী রাসমনি স্মারক বক্তৃতা :** আগামী ২রা অক্টোবর ২০২০ তারিখে এই স্মারক বক্তৃতাটি অনুষ্ঠিত হবে। এই সংখ্যার প্রথম পাতায় পৃথকভাবে বিস্তারিত দেওয়া আছে।

**বিবেকানন্দ সম্মেলন :** ২০১৯-২০ অর্থবর্ষে বিবেকানন্দ সম্মেলন কোচবিহার ও আলিপুরদুয়ার জেলাকে কোচবিহার, আলিপুরদুয়ার ও মাথাভাঙা তিনটি অঞ্চলে ভাগ করে অনুষ্ঠান করার পরিকল্পনা করা হয়। কিন্তু করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের জন্য কেবলমাত্র কোচবিহার রামকৃষ্ণ মঠে সাংস্কৃতিক প্রতিযোগিতা ও আলিপুরদুয়ার রামকৃষ্ণ আশ্রমে যুব সম্মেলন ও শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। মাথাভাঙা ও কোচবিহার রামকৃষ্ণ আশ্রমের যুব সম্মেলন ও শিক্ষক সম্মেলন স্থগিত ঘোষণা করা হয়। এই সংখ্যায় পৃথক প্রতিবেদনে এ-সম্বন্ধে বিস্তারিত বিবরণ দেওয়া আছে।

**Community Outreach Programme :** ২০১৯-২০ অর্থবর্ষের এই সেবামূলক প্রকল্পটি বীরভূম জেলাতে শুরু হয়েছে। গ্রামে পানীয় জলাভাবের জন্য টিউবওয়েল বসানোর পরিকল্পনা করা হয়েছে এবং আঞ্চলিকভাবে বি.ডি.ও অফিসের মাধ্যমে ইন্‌শপেক্সনও শেষ হয়েছে। পরবর্তী কর্মসূচী শীঘ্রই শুরু হবে।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

—**মনোজ কুমার ভট্টাচার্য্য,** কর্মসচিব, প্রাক্তনী সংসদ

আগামী ২০২১ সালের জুলাই সংখ্যা পর্যন্ত 'প্রাক্তনীবার্তা' সদস্যদের কাছে ডাকযোগে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে কার্যকরী সমিতির সভায়। করোনা প্রাদুর্ভাবের জন্য এই সংখ্যাটি সদস্যদের কাছে ডাকযোগে পাঠানো সম্ভব হচ্ছে না। ২০২২ সাল থেকে আমরা email মারফৎ 'প্রাক্তনীবার্তা' পাঠাব। এছাড়াও সংসদের Website : www.alumnividyamandira.in-এও দেওয়া থাকবে। বর্তমানে যাঁরা শুধুমাত্র email মারফৎ প্রাক্তনীবার্তা পেতে ইচ্ছুক, তাঁরা তাঁদের সিদ্ধান্ত 'praktanivarta@gmail.com'-এ জানান।

# NEWS FROM THE VIDYAMANDIRA
## (December 2019 to May 2020)

### 1) Seminars & Lectures:

**a) Memorial Lecture:** The following Memorial/Endowment lecture was organized during the period:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 05-02-2020 | Swami Tathagatananda Memorial Lecture | Citizen-State Interface | Prof. Samir Kumar Das, Dept. of Pol. Science, University of Calcutta |

**b) Special Lectures and Weekly Seminars:** Weekly & Departmental seminars, Extension & Special lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 03-01-2020 | R & D Career abroad post- BSc./MSc. and guidance on right skill-sets | Dr. Rajsekhar Paul, Senior Principal Scientist, Novartis Pharmaceutical Ltd., Basel, Switzerland |
| 04-01-2020 | Career Planning & Development Workshop | Experienced Faculties from Kaivalya Education Foundation and Piramal Foundation for Education Leadership |
| 06-01-2020 | Econo-Political Aspects of Demonetization | Dr. Tushar Bharati, Asst. Prof., Dept. of Economics, University of Western Australia |
| 06-01-2020 | An Introduction to Stochastic Calculus & its applications | Prof. Indranil Sengupta, Dept. of Mathematics, North Dakota State University, USA |
| 07-01-2020 | Brief Introduction to Riemann Hypothesis | Sri Soumyarup Banerjee, Post-doctoral Research Fellow, Dept. of Mathematics, University of Hong Kong |
| 27-01-2020 | Dengue Awareness Programme RK Mission Vidyamandira | Abhisekh Paul, Dept. of Microbiology, |
| 01-02-2020 | Career Planning & Development Workshop | Experienced Faculties from T.I.M.E. Institute |
| 10-02-2020 | Deification vis a vis objectification: Women in Early Historical Societies | Dr. Chandrani Banerjee Mukherjee, Asst. Prof., History Dept., Jadavpur University |
| 13-02-2020 | Recent Philosophical Discussion in Spain | Emili Puig I Vilaro, Associate Prof., Universitat de Girona, Spain |
| 15-02-2020 | Chemistry of Biology in Cyberapce: Lesson from Molecular Dynamics Simulations | Prof. Subhra Ghosh Dastidar, Division of Bio-Informatics, Bose Institute |
| 18-02-2020 | Big Data Analytics Analytics Services and Solutions Company | Sri Amitabha Tripathi, Consultant, Tredence: |
| 28-02-2020 (National Science Day Celebration) | Topics on Materials Science | Dr. Samir Kumar Pal, Senior Prof., S. N. Bose Centre for Basic Science |
| 13-03-2020 | Faculty Development Programme | Prof. Gautam Basu, Dept. of Biophysics, Bose Institute |

### 2) Appointment: **Sri Manas Das** has joined Vidyamandira Parivar recently as librarian.



রামপ্রসাদ স্মারক সেমিনারে স্বামী সর্বগানন্দ



করোনা রিলিফে বিদ্যামন্দিরের ছাত্র ও সন্ন্যাসীরা



সমাজসেবায় স্বপ্নাঙ্গন ও খেয়া

3) **Retirement:** The following Non-Teaching members of Vidyamandira family retired in this period:(a) **Sri Tulasi Brahma** (Hostel Helper), (b) **Sri Gurupada Santra** (Hostel Cook).

4) **Activities of NSS & NCC Wings of Vidyamandira:** NSS Wing of the college organized (a)a seminar on 'Motivation & Training' on 13th January 2020, where the speaker was Swami Purnananda, Spiritual Director, Eire Vedanta Society, Dublin, Republic of Ireland; (b)a University Level Certificate Course on 'Social Service – Blood Donor Motivation' on 15th January 2020; (c) the Annual NSS Seminar on 21st January 2020; (d)a Seminar on 'How to become an Outdoor Biologist' on 16th January, 2020, where the speaker was Dr. Kuladeep Roy, Asst. Manager, WWF-India, West Bengal State Office; (e) a Seminar on 'HIV: A Killer We Can Contain' on 23rd February, 2020, Mr. Sayan Mal, CSIR SRF, Bose Institute being the speaker.

5) **Celebration of 35th National Youth Day :** It was celebrated on 12th January 2020 at Belurmath. Students of Vidyamandira performed the closing song of the programme.

6) **Achievements of Students:** Participants from Vidyamandira competed successfully in National level inter-college-university cultural competitions organised by 'Rashtriya Sanskrit Sansthan' held on January 9-12, 2020 and has secured a number of prizes.

7) **Outreach Activities:** The Teachers' Council's outreach project for Free Coaching Centre at Vidyamandira is running successfully for local students coming from under-privileged sections of the society.

8) **Administrative change:** Swami Shastrajnananda has taken charge as Principal of R. K. Mission Residential College, Narendrapur on 5.6.20. On 23.06.20, Swami Ekachittananda has taken charge as Officiating Principal of Vidyamandira in his place. Swami Ekachittananda has been replaced by Swami Mahaprajnananda in the capacity of Vice-principal (Officiating).

9) **Some other Informations:**

a) The Seventh Convocation Ceremony was held in Vidyamandira Campus on 7th December 2019.

b) Ramakrishna Mission organized an 'All India Alumni Meet' which was held on 28th & 29th December, 2019. The event took place in the holy precincts of Belurmath. A part of the residential delegates was stationed within Vidyamandira Campus.

c) An Indo-Korean Cultural Festival & International Award Ceremony was held on 4th February, 2020, at Vivekananda Sabhagriha. Dr. Chungwon Choue, President, World Taekwondo, Justice Pinaki Chandra Ghosh, Hon'ble Lokpal of India, Revered Srimat Swami Suviranandaji Maharaj, General Secretary were present in the Ceremony.

d) 'Study Circles' for Non-Teaching Staff were held on 20thDecember, 2019 and 2nd March, 2020.

e) '*Kabitar Adda'* session was held on 26th February, 2020 to nurture the budding poets of our college.

f) An Orientation Programme on 'Incredible India: Tourist Fecilitator Course' was jointly organized by Ramakrishna Mission Vidyamandira & Eastern Regional Office of the Ministry of Tourism on 6th February, 2020.

g) The 175th Birthday of 'Friedrich Nietzsche' & the 100th Birthday of 'Luis Althuser' were celebrated on 24th February, 2020, the 'World Philosophy Day'. The programme was jointly organized by Ramakrishna Mission Vidyamandira & Bally Utsav Samity.

h) The Annual Sports was held on 10th January 2020.

i) The Inter-College District Athletics Meet and the District Football Championship (Howrah) were hosted by Vidyamandira on January 2020. Vidyamandira stood Runners Up in the District Football Tournament.

## পুনর্মিলন উৎসব

বিদ্যামন্দির পরিবারের পরবর্তী পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হওয়ার কথা ছিল আগামী বছর ২০২১-এর ফেব্রুয়ারি মাসে। করোনার ভয়াবহ প্রকোপের ফলে পুনর্মিলন উৎসবের যথাযথ প্রস্তুতি নেওয়া সম্ভব হচ্ছে না। গত ১ আগস্ট, ২০২০ তারিখে কার্যকরী সমিতির ভার্চুয়াল সভায় স্থির হয়েছে যে, বর্তমানে পুনর্মিলন উৎসব আপাতত স্থগিত থাকবে। উৎসবের দিনক্ষণ সংসদের ওয়েবসাইটে (www.alumnividyamandira.in) যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।


রিলিফের কাজে দুর্গতদের পাশে



ঘোড়ামারায় উপস্থিত সংসদের প্রতিনিধিরা


সমবেত মানুষদের উদ্দেশ্যে সম্পাদকের ভাষণ

## A BRIEF REPORT ON RELIEF ACTIVITIES

Here is a brief report on the two relief works performed by the Association :

### COVID-19 OUTBREAK RELIEF

The relief activity of the Alumni Association for the economically downtrodden people, whose livelihood were badly affected by the lockdown imposed by the Government to combat the Covid-19 pandemic, started with initial transfer of Rs.20,000/- only to Ramakrishna Mission Saradapith, Belur Math on 28-03-2020. Thereafter, we made an appeal to our members and other ex-students of Vidyamandira on 29-03-2020 to support this noble cause. Till the end of July 2020, we have received Rs.4,68,109/- from 158 donors. As lockdown continued, we could not take the initiative of carrying out the relief work directly. So we decided to approach Ramakrishna Mission, Belur Math who were carrying on the relief work for those affected by the lockdown. We handed over Rs.4,30,000/- to Ramakrishna Math & Mission on 15-05-2020 which was equally distributed among the following 10 branch centres for carrying out the relief activity :

| | | | |
|---|---|---|---|
| 1. | Ramakrishna Mission, Cuttack | 6. | Ramakrishna Mission Ashrama, Kothar |
| 2. | Ramakrishna Math, Gourhati | 7. | Ramakrishna Math, Lalgarh |
| 3. | Ramakrishna Math, Ichapur | 8. | Ramakrishna Math, Mekhiliganj |
| 4. | Ramakrishna Math, Jamtara | 9. | Ramakrishna Math, Puri |
| 5. | Ramakrishna Math, Kathamrita Bhavan | 10. | Ramakrishna Math, Rajarhat, Bishnupur |

### AMPHAN RELIEF

The super-cyclone Amphan caused severe destruction to the life and property of the people residing in the districts of South Bengal on 20-05-2020. We decided to help the victims of Amphan and hence made an appeal to our members and admirers on 27-05-2020 to donate for the cause. Till the end of July 2020, we have received Rs.1,00,872/- from 24 donors. The Sunderban area was badly affected by Amphan and we decided to carry out our relief work in that area. On advice and active support of Swami Shivabhavananda of Ramakrishna Mission Ashrama, Narendrapur, we decided to carry out our relief activity at Ghoramara Island which is nearer to Sagar Island in the Sunderban. On 19th July, 2020, three Executive Committee Members of our Association, Sri Manoj Kumar Bhattacharyya (Secretary), Sri Shuvendu Majumder (Joint-Secretary) and Sri Suvojit Dutta and other two ex-students Sri Dibyendu Mondal & Sri Suresh Ghosh along with our part-time office staff Sri Mainak Ghosh went to Ghoramara to conduct the Amphan Relief activities. With logistical support from Ramakrishna Kalpataru, a private Ashrama at Kakdwip and Ghoramara Mahamilan Sangsad, we distributed kits of essential items containing potato, mustard oil, pulses, few spices, soyabean granules, salt, biscuits and soap to 301 families and also distributed masks and hand sanitizers among them. The total expenses for this relief activity was around Rs.1,10,000/-.

Donations towards Amphan Relief Fund was accepted till 31-08-2020. We have earmarked more areas which were severely affected by Amphan Cyclone and where relief work is still necessary. If fund permits, we may perform relief activities in those areas in future also. We are grateful to all our donors for donating to the two relief funds initiated by Ramakrishna Mission Vidyamandira Alumni Association - the Covid-19 Outbreak Relief Fund and the Amphan Relief Fund.

### CONTRIBUTIONS TO THE ALUMNI ASSOCIATION FUNDS IN 2019-2020

| Name of the Fund | No. of donors | Amount ₹ |
|---|---|---|
| Swami Vimuktananda Swami Dhyanatmananda Memorial Scholarship Fund | 7 | 82,001 |
| Healthcare Fund | 2 | 53,500 |
| Praktanivarta Fund | 3 | 15,001 |
| Graduates of 71 Scholarship Fund | 25 | 1,61,001 |
| 1971-74 Batch Scholarship Fund | 12 | 90,000 |
| 1976-79 Batch Scholarship Fund | 9 | 1,18,000 |
| 1981-84 Graduate Batch Student Welfare Fund | 18 | 96,500 |
| 89-91 HS Batch Education Fund | 13 | 76,500 |
| General Scholarship from 2002-05 Batch | 22 | 97,002 |
| Hemchandra Gangopadhyay Memorial Scholarship Fund | 1 | 1,66,000 |
| Anil Kr. Sinha Roy & Namita Sinha Roy Memorial Scholarship Fund | 1 | 1,00,000 |
| Ananda Mohan Ghosh-Debasis Ghosh-Ahana Ghosh Medical Scholarship Fund | 1 | 20,000 |
| General Donation | 1 | 5,000 |
| Covid-19 Outbreak Relief Fund | 2 | 12,000 |
| **TOTAL :** | **115** | **10,92,505** |
| 2 জন দাতা দুটি ভিন্ন তহবিলে দান করার জন্য যোগফল 117-এর বদলে 115 লেখা হয়েছে। | | |

# DETAILS OF SCHOLARSHIPS AWARDED DURING 2019-2020

## SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS

| NAME | SUBJECT | AMOUNT (₹) | NOW STUDYING IN |
|---|---|---|---|
| **SWAMI ADISWARANANDA - SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Shibasish Sarkar | B. Optm | 4,000.00 | Haldia Institute of Management |
| Piyali Majhi | B. Com. | 3,000.00 | Surendranath College for Women |
| Rup Kumar Biswas | Physics Hons. | 1,000.00 | Bangabasi College |
| Pradip Bepari | M.A. (History) | 2,000.00 | Rabindra Bharati University |
| Susmita Pasari | History Hons. | 1,250.00 | Garhbeta College |
| | **TOTAL** | **11,250.00** | |
| **SWAMI TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Amit Mahato | B. Com. | 2,000.00 | Goenka College of Commerce |
| Susmita Pasari | History Hons. | 2,000.00 | Garhbeta College |
| | **TOTAL** | **4,000.00** | |
| **SWAMI SANTARUPANANDA MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Pradip Bepari | M.A. (History) | 2,500.00 | Rabindra Bharati University |
| **ANANDA MOHAN GHOSH - DEBASIS GHOSH - AHANA GHOSH MEDICAL SCHOLARSHIP** | | | |
| Sainendu Patra | M.B.B.S. | 9,000.00 | Calcutta Medical College |

**SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS 26,750.00**

## SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA

| NAME | SUBJECT | AMOUNT (₹) | NOW STUDYING IN |
|---|---|---|---|
| **HEMCHANDRA GANGOPADHYAY MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Biswajit Koley | M. Tech. (Appl Chem.) | 10,000.00 | IIT, Bombay |
| Souvik Singha | B. Ed. | 10,000.00 | Ramakrishna Mission Sikhanmandira |
| Abhijit Mondal | B. Ed. | 10,000.00 | Ramakrishna Mission Sikhanmandira |
| Mihir Haldar | B. Ed. | 10,000.00 | Ramakrishna Mission Sikhanmandira |
| | **TOTAL** | **40,000.00** | |

**CHANDRANATH DEY MEMORIAL SCHOLARSHIP**

| NAME | SUBJECT | AMOUNT (₹) | NOW STUDYING IN |
|---|---|---|---|
| Anup Gharami | M. A. (Pol. Sc.) | 2,000.00 | Rabindra Bharati University |
| Mangal Hansda | M. A. (History) | 4,000.00 | Bankura University |
| Suman Acharya | M. Tech. (Appl Chem.) | 10,000.00 | Jadavpur University |
| Samir Pradhan | B. Ed. | 10,000.00 | Ramakrishna Mission Sikhanmandira |
| Gorachand Murmu | M. A. (Pol. Sc.) | 2,000.00 | Rabindra Bharati University |
| Bakreswar Panda | B. Ed. | 2,000.00 | Ramakrishna Mission Sikhanmandira |
| Kailash Sardar | M. A. (History) | 3,000.00 | Jadavpur University |
| | **TOTAL** | **33,000.00** | |
| **ASHUTOSH DAS MEMORIAL SCHOLARSHIP** | | | |
| Prasanta Mahali | M. A. (History) | 3,000.00 | University of Calcutta |
| **GENERAL SCHOLARSHIP FROM 2002-05** | | | |
| Uttam Guria | PG Bengali | 5,800.00 | Ramakrishna Mission Vidyamandira |
| Sumanta Das | PG Bengali | 5,800.00 | |
| Subtrata Saha | PG Bengali | 3,800.00 | |
| Bikash Mandi | PG Bengali | 5,000.00 | |
| Soumitra Panda | PG Bengali | 6,800.00 | |
| Anumoy Mandal | PG Bengali | 4,800.00 | |
| Sourav Mandal | PG Philosophy | 3,800.00 | |
| Shahjahan Ali | PG Philosophy | 5,000.00 | |
| Rajendra Dalal | PG Philosophy | 5,000.00 | |
| Ragaj Hembram | PG Philosophy | 5,000.00 | |
| Jihiskel Naskar | PG Philosophy | 5,000.00 | |
| Malay Mandal | PG Philosophy | 5,000.00 | |
| Prasenjit Sardar | PG Physics | 19,000.00 | |
| Tapas Jana | PG Sanskrit | 3,800.00 | |
| Samrat Malik | PG Sanskrit | 1,800.00 | |
| Mansaram Dey | PG Sanskrit | 7,800.00 | |
| Siddhartha Bairagya | PG Sanskrit | 1,800.00 | |
| | **TOTAL** | **95,000.00** | |

**SCHOLARSHIPS TO EX-VIDYAMANDIRA STUDENTS 1,71,000.00**

## শাস্ত্রজ্ঞানন্দজীর নরেন্দ্রপুরে যোগদান




আমফান রিলিফে হিঙ্গলগঞ্জে ছাত্র ও সন্ন্যাসীরা

বিদ্যামন্দিরের পূজনীয় অধ্যক্ষ স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ গত ৫ই জুন রামকৃষ্ণ মিশন রেসিডেন্সিয়াল কলেজ, নরেন্দ্রপুরের অধ্যক্ষ পদে যোগদান করেছেন। বর্তমানে NAAC এর কাজের জন্য মহারাজ Principal-on-leave হিসাবে বিদ্যামন্দিরের সঙ্গে যুক্ত আছেন। ২৩ জুন রথযাত্রার দিন বিদ্যামন্দিরের অধ্যক্ষ (কার্যনির্বাহী) পদে শপথ নিলেন উপাধ্যক্ষ পূজনীয় স্বামী একচিত্তানন্দজী মহারাজ। দীর্ঘ ২০ বছর স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ বিদ্যামন্দিরকে নানাভাবে সেবা করে গেছেন—কখনো হোস্টেল সুপারিনটেন্ডেন্ট, কখনো উপাধ্যক্ষ এবং শেষ আট বছরের বেশি সময় অধ্যক্ষ পদে আসীন থেকে। তাঁর সময়েই বিদ্যামন্দির NIRF Ranking-এ সারা ভারত কলেজ ক্যাটাগরিতে সপ্তম স্থান দখল করে, যা বিদ্যামন্দিরের ইতিহাসে এখনও পর্যন্ত সেরা। মহারাজের এই স্থানান্তরের সংবাদে আমরা সকলেই খুব ব্যথিত। মহারাজ ছিলেন বিদ্যামন্দিরের ১৯৮৬-৮৮ ব্যাচের প্রাক্তনী। প্রচন্ড ব্যস্ততার মধ্যেও প্রাক্তনী সংসদের প্রতিটি প্রকল্পের বিষয়ে তিনি নিয়মিত খোঁজখবর রাখতেন। ২০১২ সালের এপ্রিলে পুনর্মিলন উৎসবের অব্যবহিত পরেই অধ্যক্ষের কার্যভার গ্রহণ করে শ্রেণীকক্ষের অপ্রতুলতা সত্ত্বেও তিনি কলেজ মেন-বিল্ডিং-এর দোতলায় অবস্থিত তৎকালীন উপাধ্যক্ষের ঘরটিকে প্রাক্তনী সংসদের অফিস হিসাবে ব্যবহার করার জন্য ছেড়ে দেন। খুব অল্প সময়ের মধ্যেই সম্পূর্ণ নিজ উদ্যোগে প্রাক্তনী সংসদের অফিস ঘরটিকে তিনি নবরূপে সুসজ্জিত করার ব্যবস্থা করেছেন। বিদায় জানাতে একেবারেই মন চাইছে না। কিন্তু মঠ-মিশনের প্রধান কার্যালয়ের নির্দেশ আমাদের সকলকেই মানতে হবে। মহারাজ ভবিষ্যতে সাফল্যের সাথেই মঠ-মিশনের আরও গুরু দায়িত্ব পালন করবেন—এ ব্যাপারে আমরা নিঃসন্দেহ।

## ALL INDIA ALUMNI MEET

As a concluding part of 125th anniversary celebrations of Swami Vivekananda's Addresses in the World's Parliament of Religions, Chicago, Ramakrishna Math & Ramakrishna Mission, Belur Math organised a two day All India Alumni Meet on 28 & 29 December, 2019 for the ex-students of Ramakrishna Mission led academic institutions all over India. The Meet was the first of its kind in the history of Ramakrishna Math and Ramakrishna Mission. The meet was inaugurated by Revered Swami Smarananandaji Maharaj, President, Ramakrishna Math & Ramakrishna Mission, Belur Math. The two day programme consisted of lectures on Thakur, Ma & Swamiji by senior monks of Ramakrishna order, guided meditations, group discussions and sharing of experiences by the ex-students. Almost 3500 alumni including guests attended the event. Some distinguished alumni who attended the event included Major General of armed forces, Mr. Jerkin Gamlin; UNESCO Chairman, Sri Bikas Sanyal; Economic Adviser of Prime Minister of India, Sri Bibek Debroy and many others. They spoke on 'What Ramakrishna Mission taught me'. The Alumni Associations of the academic institutions read out brief accounts of the activities they perform for the benefit of the society along with visual representations. Our Association was represented by our president Sri Biswanath Das who did the same very efficiently.



এ্যালমনি মিট-এ ৯৯ বছরের মিশন প্রাক্তনী


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ সুশান্ত দে

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, শুভেন্দু মজুমদার, গৌতম মুখোপাধ্যায় এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)


PRINTED MATTER

**BOOK POST**


**If undelivered, please return to :**

**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com ● Website : www.alumnividyamandira.in**



Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536